

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.১১.০০০১.২৫-৩৯৯

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ


**পরবর্তী নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এমপিওভুক্ত শিক্ষকদের শূন্যপদে
অনলাইনে চাহিদা প্রদান (e-Requisition) সংক্রান্ত বিজ্ঞপ্তি
(শুধুমাত্র MPO পদের জন্য প্রযোজ্য)**

এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৮ নভেম্বর ২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৭৩.০৮.০০০১.২৫. ২১৭ সংখ্যক স্মারক মূলে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক পরবর্তী নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্যপদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে এমপিওভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা (e-Requisition) সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরবর্তী নিয়োগ সুপারিশের জন্য ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্যপদের চাহিদা (e-Requisition) ১৯ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ২৮ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে অনলাইনে প্রদান করতে হবে। অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানের পর পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে e-Requisition ফি জমা প্রদান করতে হবে।

২। পরবর্তী নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির আওতায় শূন্যপদে অনলাইনে চাহিদা প্রদানে ইচ্ছুক এনটিআরসিএ-তে নিবন্ধনকৃত সকল শিক্ষাপ্রতিষ্ঠানকে অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদান করতে হবে। পূর্বে জারিকৃত কোন নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির আওতায় প্রদত্ত অনলাইনে চাহিদা কোনভাবেই বহাল থাকবে না। অফলাইনে, হার্ডকপিতে অথবা ই-মেইলে কোন চাহিদা গ্রহণযোগ্য হবে না।

৩। প্রসঙ্গত: উল্লেখ্য যে, পরবর্তী নিয়োগ সুপারিশের জন্য ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে যে পদ শূন্য হয়েছে, সে সকল শূন্যপদের চাহিদা (e-Requisition) প্রদান করতে হবে।

৪। প্রতিষ্ঠানপ্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা NTRCA ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ই-রিকুজিশন নামক সেবা বক্সের ই-রিকুজিশন লগইন অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করত অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র এমপিওভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা প্রেরণ করবেন। উল্লেখ্য, e-Requisition ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত ই-রিকুজিশন সংক্রান্ত নির্দেশিকাটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(মোঃ মাহবুব হাসান শাহীন)

সদস্য (যুগ্মসচিব)

শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ

এনটিআরসিএ, ঢাকা

ফোন : ০২-৪১০৩০০৪৬.